৪৬০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
আনসার অধিশাখা-২
www.mhapsd.gov.bd

৪৪.০০.০০০০.১১৫.১৬.০০৩.১৯- ১১৫

১১ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
২৬ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : উপজেলা নির্বাহী অফিসারগণের সার্বক্ষণিক শারীরিক ও বাসভবনের নিরাপত্তা নিশ্চিতকরণে প্রতি উপজেলায় ১ জন পিসি/এপিসিসহ মোট ১০ (দশ) জন অঙ্গীভূত সশস্ত্র আনসার মোতায়েন প্রসঙ্গে

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.০৬.০০১.২০-২২৫ তারিখ : ০৯ নভেম্বর ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৫ নভেম্বর ২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে মন্ত্রিপরিষদ সচিব এর সভাপতিত্বে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় উপজেলা নির্বাহী অফিসারগণের সার্বক্ষণিক শারীরিক ও বাসভবনের নিরাপত্তা নিশ্চিতকরণে প্রতি উপজেলায় ১ জন পিসি/এপিসিসহ মোট ১০ (দশ) জন অঙ্গীভূত সশস্ত্র আনসার মোতায়েনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় (পত্রের ছায়ালিপি সংযুক্ত)।

এমতাবস্থায়, প্রতিটি উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারগণের সার্বক্ষণিক শারীরিক ও বাসভবনের নিরাপত্তা প্রদানের লক্ষ্যে প্রতি উপজেলায় পূর্বে মোতায়েনকৃত ৪ (চার) জন অঙ্গীভূত আনসারসহ বিধি মোতাবেক সর্বমোট [৪ জন (পূর্বের)+৬ জন (নতুন)]= ১০ (দশ) জন অঙ্গীভূত সশস্ত্র আনসার সদস্য মোতায়েনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে.........ফর্দ

২৬.১১.২০২০

(মোহাম্মদ জাহেদুর রহমান)
উপসচিব
ফোনঃ +৮৮০২ ৯৫৭৬৩৩৭
ই-মেইল: ansar2@mhapsd.gov.bd

মহাপরিচালক
আনসার ও ভিডিপি অধিদপ্তর
খিলগাঁও, ঢাকা

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি), জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়,ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার.......................(সকল)
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৯। অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

মুজিব বর্ষ

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৪.১০.১৫২.১৮-৯৬৫

তারিখঃ ২১ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ।
০৬ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয় : **উপজেলা নির্বাহী অফিসারগণের সার্বক্ষণিক শারীরিক ও বাসভবনের নিরাপত্তা নিশ্চিতকরণের প্রতি উপজেলায় ১ জন পিসি/এপিসিসহ মোট ১০ (দশ) জন অঙ্গীভূত সশস্ত্র আনসার মোতায়েন প্রসঙ্গে।**

সূত্র : আনসার অধিশাখা-২, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর স্মারক নং-৪৪.০০.০০০০.১১৫.১৬.০০৩.১৯-১১৫, তারিখঃ ২৬/১১/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্র 'খ' পত্রের চাহিদামতে সারাদেশের সকল উপজেলা নির্বাহী অফিসারগণের সার্বক্ষণিক শারীরিক ও বাসভবনের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতি উপজেলায় মোট ১০ (দশ) জন (১ জন পিসি/এপিসি ও ৯জন আনসার) অঙ্গীভূত সশস্ত্র আনসার নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে মোতায়েনের অনুমোদন প্রদান করা হলো। উল্লেখ্য, ইতিপূর্বে ৪ জন (১ পিসি/এপিসি + ৩ আনসার) সশস্ত্র অঙ্গীভূত আনসার মোতায়েন করা হয়েছে বিধায় ০৬ জন আনসার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং স্মার্ট, অধিক শিক্ষিত ও সুঠাম দেহের অধিকারী আনসার সদস্য মোতায়েন করতে হবে।

ক. স্বাস্থ্যসম্মত আবাসন ও জ্বালানীসহ রান্নার সু-ব্যবস্থা নিশ্চিত করে মোতায়েন করতে হবে;
খ. অস্ত্র ও গোলাবারুদ রাখার সু-ব্যবস্থা ও সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করতে হবে;
গ. ০৬টি শটগান ও ৬০ টি কার্তুজসহ মোতায়েন করতে হবে;
ঘ. প্রত্যাশী সংস্থা হতে দৈনিক ভাতার ২০% আনুষঙ্গিক ভাতা প্রাপ্তি নিশ্চিত করতে হবে;
ঙ. সময়ে সময়ে জারিকৃত কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী প্রত্যাশী সংস্থাকে আনুষাঙ্গিকসহ সকল ভাতাদি প্রদান করতে হবে;
চ. দায়িত্বপূর্ণ এলাকা স্কেচম্যাপসহ সরেজমিন চিহ্নিত করতে হবে এবং সুনির্দিষ্ট এলাকার বাইরে কর্তব্য পালন করা যাবে না;
ছ. শুধুমাত্র নিরাপত্তাজনিত দায়িত্ব ও কর্তব্য পালন করবে এবং সে অনুযায়ী দায়িত্ব ও কর্তব্য তালিকা প্রণয়ন করতে হবে;
জ. মোতায়েনকৃত আনসারগণ কোনরূপ দখল/উচ্ছেদ কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না;
ঝ. নীতিমালা মোতাবেক আনসার গার্ডটি সংশ্লিষ্ট রেঞ্জ কর্তৃক নবায়ন করতে হবে;
ঞ. অঙ্গীভূত সদস্যদের নিয়মিত পিটি ও ড্রিল অনুশীলন নিশ্চিত করতে হবে;
ট. চিকিৎসা সেবা প্রাপ্তি ও চিত্তবিনোদনের ব্যবস্থা করতে হবে;
ঠ. আনসার সদস্যগণ বাৎসরিক ৫০ (পঞ্চাশ) দিনের ছুটি প্রাপ্য হবেন;
ড. বিশুদ্ধ পানি ও পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা থাকতে হবে;
ঢ. অগ্নি নির্বাপন ব্যবস্থা থাকতে হবে;
ণ. বিধি মোতাবেক নির্ধারিত হারে উৎসব ভাতা প্রদান করতে হবে;
থ. জেলা কমান্ড্যান্ট ও সংশ্লিষ্ট ইউএডিডিও কর্তৃক নিয়মিত গার্ড পরিদর্শন নিশ্চিত করতে হবে;
দ. বিবাদপূর্ণ স্থানে ডিউটি পোষ্ট স্থাপন করা যাবে না;

| | |
|---|---|
| জেলা কমান্ডান্ট | |
| সহকারী জেলা কমান্ডান্ট | |
| সার্জেন অ্যাডজুট্যান্ট | |
| হিসাব রক্ষক | |
| অফিস সহকারী | Nat |
| পত্র প্রাপ্তি নং- | তারিখঃ ৯/১২/২০ |

২। জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (সকল) বর্ণিত শর্তসমূহ প্রতিপালন নিশ্চিতপূর্বক আনসার বাহিনী আইন ১৯৯৫ এর ধারা-৬(৪) ও সূত্র 'ঘ' যথাযথ অনুসরণপূর্বক অঙ্গীভূত আদেশ জারী করবেন।

৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরিত হলো।

০৬/১২/২০২০
মোহাম্মদ সাখাওয়াত হোসেন
পরিচালক (অঙ্গীভূতকরণ)
ফোন-৮৮০২৪৭২১৩৮৭৮

জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
........... (সকল)।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৪.১০.১৫২.১৮-৯৬৫

তারিখঃ ২১ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ।
০৬ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — সদয় অবগতির জন্য।
২. অতিরিক্ত মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। — "
৩. যুগ্ম-সচিব (আনসার), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা — "
৪. উপ-মহাপরিচালক (অপারেশনস), আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা। — "
৫. উপ-মহাপরিচালক/পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, .................রেঞ্জ.................। — "
৬. অফিস কপি/ মাস্টার কপি — সংরক্ষণের জন্য।

পরিচালক (অঙ্গীভূতকরণ)